

বিজ্ঞপ্তি


রাজ্যের সকল শ্রেণীর কার্ডধারী ভোক্তা সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত গনবন্টন ব্যবস্থায় অক্টোবর, ২০১৮ ইং মাসে বরাদ্দ বিভিন্ন রেশন সামগ্রীর পরিমাণ ও দাম নিম্নরূপ হবে :-

ক্রমিক নং	দ্রব্যের নাম	প্রতি মাসে রেশন কার্ডের ভিত্তিতে সরবরাহের পরিমাণ	মূল্য
১)	চাউল (অস্ত্রোদয়)	কার্ড প্রতি ৩৫ কেজি হারে	২.০০ টাকা প্রতি কেজি
২)	চাউল (প্রায়োরিটি গ্রুপ)	জন প্রতি ৫(পাঁচ) কেজি হারে (কোন সর্বোচ্চ সীমা নেই)	২.০০ টাকা প্রতি কেজি
৩)	চাউল (এ.পি. এল.)	জন প্রতি ৫(পাঁচ) কেজি হারে পরিবার পিছু সর্বোচ্চ ২০ (কুড়ি) কেজি	১৩.০০ টা. প্রতি কেজি
৪)	চাউল (অন্নপূর্ণা)	কার্ড পিছু ১০ কেজি (অন্নপূর্ণা কার্ডের ভিত্তিতে)	বিনামূল্যে
৫)	আটা	জন প্রতি ১(এক) কেজি হারে	১৩.০০ টাকা প্রতি কেজি
৬)	প্যাকেট লবন	মাথা পিছু ৫০০ গ্রাম	৭.০০ টা. প্রতি কেজি
৭)	কেরোসিন	রাজ্যের সকল ভোক্তারা মাথা পিছু ৭৫০ মিলি লিটার করে কেরোসিন পাবেন। একমাত্র আগরতলা পুর পরিষদ এলাকায় এ.পি.এল কার্ডধারী ভোক্তাগণ মাথা পিছু ৫০০ মিলিলিটার কেরোসিন পাবেন। আগরতলা পুর এলাকার অস্ত্রোদয় এবং প্রায়োরিটি গ্রুপ ভুক্ত কার্ডধারীরাও মাথা পিছু ৭৫০ মিলি লিটার করে কেরোসিন পাবেন।	২৮.৩১ টা. প্রতি লিটার (আগরতলা পুর পরিষদের ৮ কি.মি এলাকার মধ্যে। পরবর্তী প্রতি কি.মির জন্য অতিরিক্ত ২ পয়সা হারে) তাছাড়া, অন্যান্য মহকুমায় দূরত্ব অনুযায়ী পরিবহন খরচ নির্ধারণ করে সংশ্লিষ্ট মহকুমা শাসকগণ দাম নির্ধারিত করে থাকেন।
আসন্ন দুর্গা পূজা/ লক্ষীপূজা / দীপাবলী উপলক্ষে অতিরিক্ত বিশেষ বরাদ্দ			
১)	ময়দা	সকল শ্রেণীর রেশন কার্ডধারী ভোক্তাগণের জন্য কার্ডপিছু ২ কেজি হারে ময়দা বরাদ্দ করা হয়েছে যা তারা স্ব-স্ব রেশন দোকান থেকে নভেম্বর মাসের ১০ তারিখ পর্যন্ত সময় সীমার মধ্যে সংগ্রহ করতে পারবেন।	১৩.০০ টাকা প্রতি কেজি
২)	সুজি	খাদ্য সুরক্ষা আইনের আওতাধীন প্রায়োরিটি গ্রুপ ও অস্ত্রোদয় অন্নযোজনাভুক্ত সুবিধাভোগীগণের জন্য কার্ডপিছু ৫০০ গ্রাম হারে সুজি বরাদ্দ করা হয়েছে যা তারা স্ব-স্ব রেশন রেশন দোকান থেকে নভেম্বর মাসের ১০ তারিখ পর্যন্ত সময় সীমার মধ্যে সংগ্রহ করতে পারবেন।	১৩.০০ টাকা প্রতি কেজি

বি:দ্র:-

(১) পূজা উপলক্ষে খাদ্য পরিবেশনের জন্য রাস্তার ধারে নির্মিত অস্থায়ী স্টল গুলোতে গৃহস্থালীর কাজে ব্যবহৃত এল. পি. জি সিলিন্ডার এবং কেরোসিন তেল ব্যবহার না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

(২) ১লা অক্টোবর, ২০১৫ইং তারিখ থেকে দপ্তরে পি.ডি.এস. কল সেন্টার এবং কনজিউমার হেল্পলাইন নামক দুটি টোল ফ্রি পরিষেবা চালু রয়েছে। এই দুটি পরিষেবার নম্বর হল যথাক্রমে ১৯৬৭ এবং ১৮০০-৩৪৫-৩৬৬৫। ভোক্তাগণ গনবন্টন সংক্রান্ত যে কোন তথ্য জানতে বা অভিযোগ লিপিবদ্ধ করতে এবং ভোক্তা বিষয়ক কোন সমস্যার প্রতিবিধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ বা সহায়তার জন্য এই দুটি টোল ফ্রি পরিষেবার সুযোগ নিতে পারবেন। এছাড়া, জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় যে কোন অভিযোগ ইত্যাদির নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট মহকুমা শাসকদের 'নোডাল অফিসার' হিসাবে ক্ষমতাপ্রাপ্ত করা হয়েছে। এক্ষেত্রে অভিযোগ জানানোর সুনির্দিষ্ট ব্যবস্থা রয়েছে, যা মহকুমা শাসক কার্যালয়ে উপলব্ধ। তাছাড়া, খাদ্য সুরক্ষা আইনে প্রাপ্য চাউল সঠিকভাবে পাওয়ার ক্ষেত্রে কোন অভিযোগ থাকলে তা নিষ্পত্তির জন্য পরবর্তী ধাপে জেলার অতিরিক্ত জেলা শাসকদের District Grievance Redressal Officer (DGRO) হিসাবে নিয়োগ করা হয়েছে। সর্বোপরি, রাজ্যস্তরে রয়েছে রাজ্য খাদ্য কমিশন।



(ডঃ দেবশীষ বসু আই.এ.এস)

অতিরিক্ত সচিব ও অধিকর্তা

খাদ্য, জনসংভরন ও ভোক্তা বিষয়ক দপ্তর